

## ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস গ্লোবাল এওয়ার্ড লাভ করায় শিক্ষামন্ত্রীকে সংবর্ধনা

ঢাকা, ২৪ নভেম্বর ২০১৭

শিক্ষাক্ষেত্রে অসামান্য অবদান ও নেতৃত্বের জন্য ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস গ্লোবাল এওয়ার্ড লাভ করায় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদকে অভ্যর্থনা জানিয়েছে শিক্ষামন্ত্রণালয় এবং এর অধীন দপ্তরসমূহ। এওয়ার্ড গ্রহণ শেষে আজ সকালে দেশে ফিরলে শিক্ষামন্ত্রীকে হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে স্বাগত জানান শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন এবং কারিগরি ও মাদরাসা বিভাগের সচিব মো. আলমগীর। তারা শিক্ষামন্ত্রীকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান।

এছাড়া মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব ড. অরুণা বিশ্বাস ও চৌধুরী মুফাদ আহমেদ, কারিগরি ও মাদরাসা বিভাগের অতিরিক্ত সচিব এ কে এম জাকির হোসেন ভূঞা ও অশোক কুমার বিশ্বাসসহ মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং শিক্ষা মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন দপ্তর ও সংস্থার প্রধানগণ উপস্থিত ছিলেন।

এ সময় বিমানবন্দরের ভিআইপি লাউঞ্জে কর্মকর্তাদের উদ্দেশে সংক্ষিপ্ত বক্তব্যে শিক্ষামন্ত্রী বলেন, এ পুরস্কার আমার একার অর্জন নয়। সমগ্র শিক্ষা পরিবারের কাজের স্বীকৃতি। নারী শিক্ষায় অগ্রগতি, শিক্ষায় তথ্যপ্রযুক্তির ব্যবহার এবং ২০০৯ সাল থেকে বাংলাদেশের শিক্ষাক্ষেত্রে যে পরিবর্তন হয়েছে, তা বিশ্ববাসীর দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিক্ষাকে এগিয়ে নেয়ার জন্য যে চেষ্টা ও উদ্যোগ গ্রহণ করেছেন, তার ফলেই এটা সম্ভব হয়েছে। তিনি বলেন, মানসম্মত শিক্ষা এখন সারা জগতের দায়িত্ব। এসডিজি অর্জনের জন্য সবাইকে একসাথে কাজ করতে হবে। শিক্ষাক্ষেত্রে নতুন নতুন পদ্ধতি গ্রহণ করে কাজ করার অনেক সুযোগ রয়েছে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন মন্ত্রীকে শুভেচ্ছা জানিয়ে বলেন, এ পুরস্কার দেশের জন্য বিরাট অর্জন এবং দেশের জন্য সুনাম বয়ে এনেছে। শিক্ষা ব্যবস্থাপনায় অবদানের স্বীকৃতি হিসেবে এ পুরস্কার দেয়া হয়েছে। এ অর্জন ভবিষ্যতে আন্তর্জাতিক পরিমন্ডলে আমাদের অবস্থানকে শক্তিশালী করবে। এটা ভাল কাজ করার জন্য অনুপ্রাণিত করবে বলেও তিনি মন্তব্য করেন।

উল্লেখ্য, শিক্ষামন্ত্রী গতকাল ভারতের মুম্বাইয়ে তাজ হোটেলে ৬ষ্ঠ ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেসে এ পুরস্কার গ্রহণ করেন।